গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
১১-১২ তলা, বিনিয়োগ ভবন, ই-৬/বি
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.nsda.gov.bd

নম্বর: ০৩.১৪.২৬৯২.৮৭৬.১১.০০১.২১-১৪৭৩

তারিখ: ১২ পৌষ ১৪৩০ ব.
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত অস্থায়ী শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের পাশে বর্ণিত শর্তে যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইন-এ (http://nsda.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | প্রোগ্রামার<br>টা: ৩৫৫০০-৬৭০১০/-<br>(গ্রেড-৬) | অনূর্ধ্ব ৩৫ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি/ সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত বা সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর বা সহকারী প্রোগ্রামার বা সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার হিসেবে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | |
| ২ | সহকারী পরিচালক<br>টা: ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | ৮ (আট) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের সিজিপিএ বা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি বা সমমানের সিজিপিএ;<br>(খ) শিক্ষাজীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ও অভিজ্ঞতা। | |
| ৩ | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>টা: ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষাজীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪ | হিসাব রক্ষণ কর্মকর্তা<br>টা: ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | ১<br>(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) বা সমমানের সিজিপিএ;<br>(খ) শিক্ষাজীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ হতে হবে। | |
| ৫ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | অনূর্ধ্ব ৩০ বছর | ৩<br>(তিন) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও দক্ষতা;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৪৫ (পঁয়তাল্লিশ) শব্দ এবং ইংরেজিতে ৭০ (সত্তর) শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২৫ (পঁচিশ) শব্দ এবং ইংরেজিতে ৩০ (ত্রিশ) শব্দের গতি সম্পন্ন হতে হবে; এবং<br>(চ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | কুড়িগ্রাম জেলার অধিবাসীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে যে কোন জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৬ | ডাটা এন্ট্রি অপারেটর<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ২<br>(দুই) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২০ (বিশ) শব্দ এবং ইংরেজিতে ২০ (বিশ) শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test- এ উত্তীর্ণ হতে হবে; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৭ | অফিস সহায়ক<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বছর | ৭<br>(সাত) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | নওগাঁ, খুলনা, ঝিনাইদহ, রংপুর, মেহেরপুর, বাগেরহাট, বগুড়া ও কিশোরগঞ্জ জেলার অধিবাসীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে যে কোন জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

শর্তাবলি:

১। **"জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১"** অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক নন এরূপ ব্যক্তিকে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৩। আবেদনকারীর বয়স **৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.** তারিখে ১ নং ক্রমিকে উল্লিখিত পদের ক্ষেত্রে ১৮ (আঠারো) থেকে ৩৫ (পঁয়ত্রিশ) বছর এবং ২ থেকে ৭ নং ক্রমিকে উল্লিখিত পদের ক্ষেত্রে ১৮ (আঠারো) থেকে ৩০ (ত্রিশ) বছর এর মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। এস.এস.সি/সমমান পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে বয়স যাচাই করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। সরকারের সর্বশেষ আদেশ/নীতিমালা/পরিপত্র/বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, নারী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার, ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে তাদের মাধ্যমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। আগ্রহী প্রার্থীগণ http://nsda.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ** ও সময়: ০৩ জানুয়ারি ২০২৪ খ্রি. সকাল ০৯: ০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময়:** ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি. বিকাল ০৪:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি ৬০০/- (ছয়শত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬৯/- (উনসত্তর) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৬৬৯/- (ছয়শত উনসত্তর) টাকা; ৫ থকে ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ৭ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে । এখানে বিশেষভাবে উল্লেখ্য, **"Online–**আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না**"**। আবেদনপত্র পূরণ এবং SMS-এর মাধ্যমে পরীক্ষা ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলি বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৮। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। প্রার্থীদের যোগ্যতা যাচাই:

নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে ফটোকপি দাখিল করতে হবে:

ক. অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Application form) ও প্রবেশপত্র (Admit card);

খ. আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

গ. আবেদনকারী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ ক্যান্টনমেন্ট বোর্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ-এর কপি;

ঙ. এতিম, শারীরিক প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা ও প্রশিক্ষণের সনদপত্র;

চ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে 'বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা' এ মর্মে প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ ক্যান্টনমেন্ট বোর্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

ছ. কর্মরত আবেদনকারীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ/ছাড়পত্র; এবং

জ. আবেদনকারী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ ক্যান্টনমেন্ট বোর্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১০। দৃষ্টি প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে;

১১। যে কোন আবেদন গ্রহণ/বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। উপরে উল্লেখ করা হয় নি এমন যে কোন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

**১৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://nsda.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন ফরম পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩ জানুয়ারি ২০২৪ খ্রি. সকাল ০৯:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি. বিকাল ০৪:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন ।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন । ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে ।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সুতরাং Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতার বিষয়ে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ।

ঘ. পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন ।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে । আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন । যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন । তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় । তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন । Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১ থেকে ৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি ৬০০/- (ছয়শত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬৯/- (উনসত্তর) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৬৬৯/- (ছয়শত উনসত্তর) টাকা; ৫ থেকে ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ৭ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন । বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পযন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না। "

**প্রথম SMS : NSDA**<space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে ।

Example: NSDA ABCDEF

Reply: Applicant's Name, Tk. 669 or 223 or 112 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type NSDA<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয়** SMS : NSDA<space>**Yes**<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: NSDA Yes xxxxxxxxxx

Reply: Congratulations, Applicant's Name, payment completed successfully for NSDA Application for xxxxxxxxxx. User ID is (ABCDEF) and Password is (xxxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nsda.teletalk.com.bd অথবা প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর ওয়েবসাইটে (https://nsda.gov.bd) এবং প্রার্থীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তিতে রোল নং, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন প্রিন্ট) নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
NSDA<space>Help<space>User<space>User ID & Send to 16222 নম্বরে।
Example: NSDA Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে:
NSDA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222 নম্বরে।
Example: NSDA Help PIN 12345678 & send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর এর ওয়েবসাইটে (**www.nsda.gov.bd**) এবং ফেইসবুক পেইজে (**National Skills Development Authority, Bangladesh**) পাওয়া যাবে **এবং** http://nsda.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd **ওয়েবসাইটে** সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

ঞ. এনএসডিএ-এর নিয়োগ পরীক্ষা-২০২৪ এর বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলি, নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন/সংযোজন (যদি থাকে) এবং পদভিত্তিক নিয়োগ পরীক্ষার সময়সূচি ও আসনবণ্টনসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এনএসডিএ এর ওয়েবসাইটে (**www.nsda.gov.bd**) এবং ফেইসবুক পেইজে (**National Skills Development Authority, Bangladesh**) পাওয়া যাবে।

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা http://alljobs.query@teletalk.com.bd মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ http://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ এর subject - এ organization Name: NSDA, Post Name: ***, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ. **ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(কামরুন নাহার সিদ্দীকা)
সদস্য (প্রশাসন ও অর্থ)
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়